



# ঢাকা কমার্স কলেজ

(ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২

ওয়েব সাইট: [www.dcc.edu.bd](http://www.dcc.edu.bd)

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৬ই আশ্বিন ১৪২৬ ব.


০১লা অক্টোবর ২০১৯ খ্রি.

## অফিস বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজে একাদশ শ্রেণিতে (শিক্ষাবর্ষ ২০১৯-২০২০) অধ্যয়নরত মেধাবী ও আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের নিকট হতে বিনা বেতনে/অর্ধবেতনে অধ্যয়নের সুযোগ প্রাপ্তির লক্ষ্যে কলেজের নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বিশেষ কোটা থাকবে। শিক্ষার্থী কল্যাণ তহবিল হতে এ সুযোগ দানের ক্ষেত্রে যেসকল বিষয় বিবেচনা করা হবে তা হলো-


- পিতা-মাতার/অভিভাবকের আর্থিক অবস্থা
- ক্রাসে উপস্থিতি;
- এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল;
- কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল;
- কলেজের নিয়ম-শৃঙ্খলার প্রতি আনুগত্য প্রভৃতি।

মুদ্রিত আবেদনপত্র কলেজ অফিস হতে ১৭ই আশ্বিন ১৪২৬ ব./২রা অক্টোবর ২০১৯ খ্রি. তারিখ থেকে সংগ্রহ করে, আগামী ১লা কার্তিক ১৪২৬ ব./১৬ই অক্টোবর ২০১৯ খ্রি. তারিখের মধ্যে মুদ্রিত আবেদনপত্র পূরণ করে এর সাথে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে কলেজের অফিসে জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে এবং সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র দেখাতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত সময়ের পর কোন আবেদন জমা নেয়া হবে না। উল্লেখ্য, সাক্ষাৎকারে উপস্থিত না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

  
০১.১০.১৯

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ

  
০১/১০/১৯

আহবায়ক  
শিক্ষার্থী কল্যাণ কমিটি